

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

তারিখঃ ০১-১১-২০১৮ খ্রিঃ

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ শাহজাহান ফকির (অবসরপ্রাপ্ত), সাবেক উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বরিশাল, ইতোপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, গৌরনদী শাখায় ব্যবস্থাপক(উমুক) হিসেবে দায়িত্ব পালনকালে ঋণ মঞ্জুরী ও বিতরণে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য বিভাগীয় মামলা নং-৪০/১৬-১৭ রঞ্জু পূর্বক অত্র বিভাগের ২০-১২-২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/১৯৮৪ নম্বর স্মারক মূলে, অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করেছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ডের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ পূর্বক আপনি জনাব মোঃ শাহজাহান ফকির আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত অথবা বিকল্প গুরুদণ্ড প্রদান করা হবে না এই মর্মে অত্র বিভাগের বিগত ৩১-১২-২০১৭ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/২২৭২ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ শাহজাহান ফকির অত্র বিভাগের ৩১-১২-২০১৭ ইং তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার বিশ্লেষণ করে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ শাহজাহান ফকির আপনাকে গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ শাহজাহান ফকির আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হতে ৬৫,০০,০০০/- (পয়ষট্টি লক্ষ) টাকা এককালীন কর্তন করে বিকেবি, গৌরনদী শাখার আয় খাতে জমা করার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ শাহজাহান ফকির (এস-৮৯৭)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)

বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়

বরিশাল।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)

উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃ এইচআরএমডিঃ ৩৪১ঃ৩৩৮৫/২০১৬-২০১৭/

তারিখঃ ০১-১১-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক(প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করে কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় এর মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটিব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বরিশাল। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ শাহজাহান ফকির এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, গৌরনদী শাখা, বরিশাল।
- ১১। নথি /খন্ড নথি/ মহানথি।

০১/১১/২০১৮

(মোঃ আব্দুর রউফ)

সহকারী মহাব্যবস্থাপক